উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

## উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব সুকান্ত সাহা ,প্রশাসক, উপজেলাপরিষদ, শান্তিগঞ্জ। |
| সভারস্থান: | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ। |
| সভারতারিখ | : ১৪ জানুয়ারি,২০২৫খ্রি: |
| সময় | : সকাল ১০.০০ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবেসভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবেনা বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণকরা হয়।অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন</th></tr>
<tr><td>১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন</td><td>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কিনা সভায় জানতে চাওয়া হয়।</td><td>সিদ্ধান্ত ১ ঃ<br>কার্যবিবরণীতেকোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহীঅফিসার, শান্তিগঞ্জ।</td></tr>
<tr><td>০২. ব্যয়ের হিসাব</td><td><u>বিগত মাসেরউপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ</u><br><br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলেরব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়।<br><br>
<table>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জকার্যালয়ের ডিসেম্বর/২০২৪ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক,আপ্যায়ণও অন্যান্য বিল ভ্যাটসহ</td><td>২৩৭৯০/-</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২৪ মাসের ইন্টারনেট বিল</td><td>৩৫০/-</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২৪ মাসের মজুরী বিল ।</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>০৫</td><td>জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২৪ মাসের মজুরী বিল ।</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>০৬</td><td>জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর ডিসেম্বর/২০২৪ মাসের মজুরী বিল ।</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>০৮</td><td>জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২৪ মাসের মাসের মজুরী বিল</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table>
</td><td></td></tr>
</table>

বিভাগ ওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, তিনি অত্র উপজেলায় অতিরিক্ত দায়িত্ব হিসেবে কর্মরত। ২০২৪-২০২৫ অর্থ বছরে আর্থিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) খাতের প্রকল্প পাওয়া গেছে। (পরিশিষ্ট-খ)। প্রকল্পগুলো সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত দাখিলীয় প্রকল্পগুলোর মধ্যে জনসম্পৃক্ত/শিক্ষামূলক/জনগুরুত্বপূর্ণ প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়নের কার্যক্রম শুরু করা হবে। | ১। ২০২৪-২০২৫ অর্থ বছরে আর্থি উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত দাখিলীয় প্রকল্পগুলোর মধ্যে জনসম্পৃক্ত/শিক্ষামূলক/ জনগুরুত্বপূর্ণ প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, অত্র উপজেলায় এইচপিভি টিকার কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রবেশের রাস্তাটি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। হাসপাতালের জরুরী প্রয়োজনে আগত রোগীর গাড়ি, অটোরিক্সা ও অন্যান্য যানবাহন ঝুকি নিয়ে প্রবেশ করছে। জরুরী ভিত্তিতে রাস্তার মেরামত না করা গেলে যেকোনো সময় বড়ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রবেশের রাস্তাটির মেরমাত কাজ জরুরী ভিত্তিতে করতে হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,শান্তিগঞ্জ এর অভ্যন্তরে ডাস্টবিন সরবরাহের জন্য একটি প্রকল্প দাখিল করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁয় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষিকর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান যে, সম্প্রতি বিভিন্ন ইউনিয়নের কৃষকগণ অভিযোগ জানাচ্ছে যে, অত্র উপজেলার বিভিন্ন হাওর, নদী নালা, খাল বিল হতে মৎস্য আহরণের জন্য পানি শুকিয়ে ফেলা হচ্ছে। পানি শুকিয়ে ফেলার কারণে কৃষি জমিতে সেচ কার্যক্রম ব্যহত হচ্ছে। সেচ কার্যক্রম ব্যহত হলে বোরো ফসলের ক্ষতি হবে। এ বিষয়ে কার্যক্রকর ভূমিকা নেওয়ার জন্য উপজেলা মৎস্য অফিসার,শান্তিগঞ্জ ও সংশ্লিষ্টসকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ১. কৃষকদের বোরো ফসল কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলাউপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা শান্তিগঞ্জ সভায় জানান যে, বন্যা প্রকল্পের আওতায় সাবমারসিবল টিউবওয়েলের তালিকা প্রস্তুতের জন্য ইউএনডিপি কতৃক যাচাই-বাছাই কার্যক্রম শেষ হয়েছে। নতুন টিউবওয়েল স্থাপন শুরু করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। | ১. সাবমারসিবল টিউবওয়েলের তালিকা দাখিলের ক্ষেত্রে অবশ্যই কমপক্ষে ৮-১০ টি পরিবার সমন্বিত ভাবে আবেদন করতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান অত্র উপজেলায় ০১ টি স্থায়ী মৎস্য অভয়াশ্রম প্রস্তাব পাঠানোর নির্দেশনা রয়েছে, শান্তিগঞ্জ উপজেলায় ০৪ টি মৎস্য অভয়াশ্রম রয়েছে। জয়কলস সংলগ্ন অভয়াশ্রম ব্যতিত অন্যান্যগুলো পলিমাটি ভরাট হয়ে পানির গভীরতা কমে গেছে। নাইন্দা নদীর অভয়াশ্রম স্থায়ী ঘোষণা করলে ভালো হবে। | অত্র উপজেলার মৎস্য নিবন্ধন সঠিকভাবে কাজ করতে হবে। খনন কাজে উপজেলা প্রশাসনের সহযোগিতা অব্যাহত থাকবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান এ উপজেলায় পুরাতন ১১৫০৩ জনকে, নতুন ২২২৬ জনসহ সর্বমোট ১৩৭২৯ জনকে বিভিন্ন ধরণের পদ্ধতির মাধ্যমে সেবা প্রদান করা হয়। অত্র উপজেলায় | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনার **সিদ্ধান্ত গৃহীত হয়।** | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সক্ষম দম্পতি সংখ্যা-৩০৯৫১ জন। পরিবার পরিকল্পনা গ্রহণকারীর সংখ্যা ২৩৬৪৭ জন , বর্তমানে পদ্ধতি গ্রহণকারীর হার ৭৬.৪০%। এ উপজেলায় মোট গর্ভবতী ১৪১২ জন। উপজেলার ০৬টি ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০১ টি করে মা ও শিশু কল্যাণ কেন্দ্র রয়েছে। গর্ভবতী মহিলাদের এএনসি ও পিএনসি এবং নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে। তাছাড়াও তাঁর বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | | |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে টি আর প্রকল্পের ৯১টি আবেদন পাওয়া গেছে।প্রাপ্ত আবেদনগুলো যাচাইবাছাইপূর্বক অনুমোদনের নিমিত্ত জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের নিকট প্রেরণ করা হবে। তাছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে পরিষদকে অবহিত করেন। | টি আর প্রকল্পের আবেদনগুলো যাচাই বাছাই করে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিকশিক্ষা কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, উজানীগাও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজটি দীর্ঘদিন যাবত বন্ধ রয়েছে। এ নিয়ে জনমনে ব্যপক ক্ষোভ সৃষ্টি হয়েছে। বিদ্যালয়ের সামনে বড় বড় গর্ত করার ফলে উক্ত গর্তে পানি জমে আছে। গর্তের সামনে প্রাইমারি স্কুলের শিক্ষার্থীরা খেলাধুলা করে থাকে ফলে যেকোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। তাই জরুরী ভিত্তিতে উক্ত নির্মাণ কাজ শেষ করতে হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | প্রাথমিক শিক্ষার মান বাড়াতে সবাইকে প্রাথমিক শিক্ষার প্রতি গুরুত্বের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শান্তিগঞ্জ সভায় জানান মাধ্যমিক পর্যায়ের ছাত্রছাত্রীদের বই বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ০৩টি বিষয়ে ৭০০০ বই পাওয়া গেছে।সকল মাধ্যমিক বিদ্যালয় গুলোতে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। তাছাড়াও তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে উপজেলা পরিষদ, অবহিত করেন। | মাধ্যমিক শিক্ষার মান বাড়াতে মনিটরিং জোরদারসহ নির্বাচনী পরীক্ষার বিষয়ে গুরুত্ব দিতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা,শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা শান্তিগঞ্জ সভার জানান যে, মডেল ভিলেজের সমবায় ঋণ আদায়ের জন্য কার্যক্রম চলমান। আদায়ের হার বৃদ্ধির জন্য ঋণ গ্রহীতারদের পত্র মারফত তাগিদ দেওয়া হচ্ছে। মোবাইল ফোন ও তাদের বাড়িতে গিয়ে তাগিদ দেওয়া হচ্ছে। মডেল ভিলেজের ভবন নির্মাণের কাজ সন্তোষজনক। বিগত ০৮/০১/২০২৫ তারিখে বিভাগীয় যুগ্ম নিবন্ধক পরিদর্শন করছেন। তাছাড়া তিনি বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে পরিষদকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম ও ঋণ আদায়ে গতিশীলতা আনতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন ভাতাভোগী ও ইউপি চেয়ারম্যানবৃন্দের সমন্বয়ে গণশুনানী নেওয়ার কার্যক্রম চলমান। রবিকল্যাণ সমিতির বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে ভিন্ন পেশায় নিয়োজিত করার জন্য সভায় অনুরোধ করা হয়। | ০১. কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,শান্তিগঞ্জ সভায় জানান যে, সরকারি সিদ্ধান্তমতে ইতিপূর্বে নিয়োগকৃত খাদ্যবান্ধব ডিলার বাতিল হয়ে যাবে। নভেম্বরে ও এমএস এর | খাদ্যবান্দব/ওমএস ও অন্যান্য কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ১. খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ডিলার নিয়োগ কার্যক্রম চলমান থাকবে। খাদ্য বান্ধব তালিকা সংশোধনের সুযোগ দেওয়া হলে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেওয়া হবে। | | |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, নির্দিষ্ট সময়ের বিবর্তনে সমগ্র দেশের অর্থনৈতিক কাঠামোগত পরিবর্তন সম্পর্কে সার্বিক ধারণা লাভ করার উদ্দেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় সমগ্র বাংলাদেশের ন্যায় SVRS (Sample Vital Registrationo System), গণমাধ্যম সংস্কার সংক্রান্ত জাতীয় জনমত জড়িপ কার্যক্রম চলমান। এর বাইরে রুটিনমাফিক বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | SVRS শুমারি কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান আগামী ১৯/০১/২০২৫ হতে ৩০/০১/২০২৫ পর্যন্ত ১০ দিনব্যাপী গ্রাম প্রশিক্ষণ কার্যক্রম পূর্ববীরগাও ইউনিয়ন পরিষদে বীরগাও গ্রামে অনুষ্ঠিত হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | কার্যক্রম ও প্রশিক্ষণে আরো গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, শিমুলবাক গ্রাম উন্নয়ন প্রকল্পের জড়িপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মোট ১০০ জনকে বিভিন্ন ট্রেডে নির্বাচন করা হয়েছে। নির্ধারিত ০৪টি ট্রেডে ০৫ জন প্রশিক্ষানার্থী মনোনয়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তাদের ঢাকায় বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। খেলাপী লোন আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট প্রোগ্রামের আবেদনের জন্য প্রচারনা (মাইকিং,সোসাল মিডিয়া,শিশু সুরক্ষা হাব/কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে) চলমান। ১০ ডিসেম্বর,২০২৪ হতে অনলাইনে আবেদন শুরু। মা ও শিশু সহায়তা প্রোগ্রামের কাজ চলমান আছে। কোনো অভিযোগ থাকলে তা যাছাই করা হবে। জয়িতা অন্বেশনের জন্য সকল ইউনিয়ন থেকে আবেদন গ্রহণ করা হয়েছে। তাছাড়াও তাঁর বিভাগীয় স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | গর্ভবতী মহিলাদের ভাতা নির্দিষ্ট সময়ে না পাওয়ার বিষয়ে সকল ইউ'পি চেয়রম্যানগণসহ পরিষদকে অবহিত করতে হবে। | ১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্র মসম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান। এ বিভাগের আওতায় ০৩ জনকে ৫০,০০০/-টাকা করে মোট ১,৫০,০০০/- টাকা ঋণ প্রদানা করা হয়। খেলাপী ঋণীদের নোটিশ প্রদান করা হয়েছে। ৯০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ৩০ জনকে জনসচেতনতা বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ বিতরণ কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লীসঞ্চয়ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান তাঁর প্রতিষ্ঠানের ঋণ আদায় ৬০% হয়েছে। তাছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে পরিষদকে অবহিত করেন। | ঋণ আদায় কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১.ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় নিম্নোক্ত প্রকল্পগুলোর বিষয়ে বিস্তারিত আলোচনা ক রা হয়।<br><br>১. ভারপ্রাপ্ত ইউপি চেয়ারম্যান,দরগাপাশা জানান যে, শান্তিগঞ্জ উপজেলার দরগাপাশা ইউনিয়নের পাইকাপন গ্রামে বিগত ১০/০১/২০২৫ খ্রিঃ আনুমানিক বিকাল ৩.০ ঘটিকায় বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে অগ্নিকান্ডের সুত্রপাত হয়। অগ্নিকান্ডে ০৪ টি পরিবারের বসতঘর,রান্নাঘর, আসবাবপত্র, নগদ অর্থ, ঘরে থাকা কাগজাদি সম্পূর্ন পুড়ে ছাই হয়ে গিয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে আর্থিক সহযোগিতা প্রদান করার লক্ষ্যে উপজেলা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ এর (ঘ) নির্দেশনামতে ০৪টি পরিবারের জন্য ২০,০০০/-(বিশ হাজার) টাকা নগদ অনুদান প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নগদ অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, শান্তিগঞ্জ উপজেলায় ১৪-৩১ জানুয়ারি পর্যন্ত "তারুণ্যের উৎসব-২০২৫" অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-০১ শাখার ২২ ডিসেম্বর,২০২৪ তারিখের ১৩৩১ নং স্মারকের ০৩ নং অনুচ্ছেদের (গ) এর নির্দেশনামতে "তারুণ্যের উৎসব-২০২৫" উদযাপন অনুষ্ঠানের প্রাপ্ত বরাদ্দ অপ্রতুল হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা।<br><br>(৩) উপজেলা পরিষদের নিচতলার বি আরডিবি অফিস কক্ষ ও উপজেলা জনস্বাস্থ্য অফিসের দরজা জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছে। উক্ত মেরামত (বাবদ ভ্যাট ও আয়কর ব্যাতিত) ৩৮,১৬০/-টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি গ্যারেজ নির্মাণ ও বেকার/অর্ধ বেকার শিক্ষিত জনসাধারণকে কর্মক্ষম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে ০১টি কম্পিউটার ল্যাব ও ০১ আত্মকর্মসংস্থান প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ জানান যে বর্ণিত ০২ টি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হলে অত্র উপজেলার মানুষের বেকারত্বের হার কমে আসবে। অসহায় নারীরা আত্মকর্মসংস্থানের সুযোগ পাবে। | (১)অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারকে আর্থিক সহযোগিতা প্রদান করার লক্ষ্যে উপজেলা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ এর (ঘ) নির্দেশনামতে ০৪টি পরিবারের জন্য ২০,০০০/-(বিশ হাজার) টাকা নগদ অনুদান প্রদান করতে হবে।<br>(২)"তারুণ্যের উৎসব-২০২৫" উদযাপন অনুষ্ঠানের প্রাপ্ত বরাদ্দ অপ্রতুল হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>(২) উপজেলা পরিষদের নিচতলার বি আরডিবি অফিস কক্ষ ও উপজেলা জনস্বাস্থ্য অফিসের দরজা মেরামত বাবদ (বাবদ ভ্যাট ও আয়কর ব্যাতিত) ৩৮,১৬০/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।<br><br>৪. উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি গ্যারেজ নির্মাণ ও বেকার/অর্ধ বেকার শিক্ষিত জনসাধারণকে কর্মক্ষম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে ০১টি কম্পিউটার ল্যাব ও ০১ আত্মকর্মসংস্থান প্রশিক্ষণ কেন্দ্র | ১.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ<br><br>২.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ<br><br>৩.উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ<br><br>৪.উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (৫) উপজেলা পরিষদের ঝিলমিল অডিটোরিয়ামটি ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ঝিলমিল অডিটোরিয়ামের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সরকারি প্রতিষ্ঠান/অফিসের জন্য প্রতিদিনের ভাড়া ৮০০০/- ও বেসরকারি/এনজি/রাজনৈতিকসংগঠন/সামাজিক সংগঠনের জন্য প্রতিদিনের ভাড়া ১২,০০০/- টাকা নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ ও উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, প্রস্তাবিত ঝিলমিল অডিটোরিয়ামের ভাড়ার হার যৌক্তিক ও প্রস্তাবিত পুনঃনির্ধারিত ভাড়ার হার আগামী ০১ লা মার্চ, ২০২৫ খ্রিঃ হতে কার্যকর করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫. ঝিলমিল অডিটোরিয়ামের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সরকারি প্রতিষ্ঠান/অফিসের জন্য প্রতিদিনের ভাড়া ৮০০০/ ও বেসরকারি/এনজি/ রাজনৈতিকসংগঠন/ সামাজিক সংগঠনের জন্য প্রতিদিনের ভাড়া ১২,০০০/- টাকা নির্ধারণ করা হলো। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১/২৫

(সুকান্ত সাহা)
প্রশাসক
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১-

তারিখ: ২০/১/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩.পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৬. জনাব.......................................................................................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৭. সহকারীপ্রোগ্রামার, উপজেলাকার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।(তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েবপোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮.চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা.......................................................................................................

২০/১/২৫

(সুকান্ত সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ

# উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা:

তারিখ: ১৪.০১.২০২৫ খ্রিঃ।

(জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্থান: উপজেলা সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য প:প: কর্মকর্তা | ডাঃ মোঃ ইকবাল হাসান | 01737373182 | [signature] ১৪/০১/২৫ |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | | | |
| ০৪ | উপজেলা কৃষি কর্মকর্তা | ~~হোসনেআরা খাতুন~~ মোঃ আহসান হাবিব | ০১৭০০ ৭১৬১১৪ | [signature] |
| ০৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা | ~~মোঃ আহসান হাবীব~~ হোসনে আরা খাতুন | ০১৭৬৯ ৪৫৯৮৬৬ | [signature] |
| ০৬ | উপজেলা প্রকৌশলী এলজিইডি | ~~মোঃ আল নূর তারেক~~ অনুপম দেব রায় | ০১৭০৮ ১৬১৬৮১ | [signature] |
| ০৭ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | মোঃ মনিরুজ্জামান | 01784084[illegible] | [signature] |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মোঃ সেলিম খাঁন | ০১৭৮ ০৬৪৮৮০ | [signature] |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মোঃ আনিসুর রহমান | ০১৭২১ ৬৩৬৩২০ | [signature] |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | তাছলিমা আক্তার লিমা | ০১৯১৫ ৫৮৬৫৭৬ | [signature] |
| ১১ | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ রুহুল হাসান | ০১৭১২ ৭৬৯৫৯৫ | [signature] |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দীপ বিশ্বাস | ০১৭৫৮ ১৩২৮৩৯ | [signature] |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মোঃ জাহঙ্গীর আলম | ০১৭১৯ ৯৮২৭৬০ | [signature] |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | শাহ সৈয়দ উল হাসান | ০১৭৮৫ ০৫৩৫৫০ | |
| ১৫ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মাসুদ সরকার | ০১৬৭৩ ৩৮৬৭০৯ | [signature] ১৪/০১/২৫ |

১১ [signature]

| নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | মোঃ আতিউর রহমান | ০১৮২১ ৯৭১৮৪৩ | |
| ১৭ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | নেহার রাণী চৌধুরী | ~~০১৭৫৪ ১৩৯৫০২~~ [illegible] | |
| ১৮ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | অসীম বরণ তালুকদার | ০১৬৭০ ৫৯১৭৫১ | |
| ১৯ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২০ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | নীতিশ চন্দ্র বর্মণ | ০১৯৩৮ ৮৭৯৪২৮ | |
| ২১ | জেনারেল ম্যানাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শান্তিগঞ্জ | মোঃ ইয়াসিন মাহমুদ আবু ইউসুফ | ০১৭৬৯ ৪০৭২৪০ | |
| ২২ | চেয়ারম্যান, জয়কলস ইউ'পি | আব্দুল বাছিত সুজন | ০১৭৮৮-৫৭৩০৪০ | |
| ২৩ | চেয়ারম্যান, পাথারিয়া ইউ'পি | মোঃ শহীদুল ইসলাম | ০১৭৯৯ ৭০৪৮৫৬ | |
| ২৪ | চেয়ারম্যান, শিমুলবাক ইউ'পি | শাহীনুর রহমান | ০১৭০৮ ৭৯৬৮৪৪ | |
| ২৫ | চেয়ারম্যান, পূর্ব বীরগাঁও ইউ'পি | রিয়াজুল ইসলাম | ০১৭২৯ ৫৮৭৭৯৭ | |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাঁও ইউ'পি | লুৎফুর রহমান জায়গীরদার খোকন | [illegible] ~~০১৯১৮ ১০৬৪৫০~~ [illegible] | |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব পাগলা ইউ'পি | মাসুক মিয়া (প্যানেল) মোঃ [illegible] | ০১৭৪৫ ৮৭৪৮৬৩ | |
| ২৮ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউ'পি | জগলুল হায়দার | ০১৭৪৮ ৯১৩৯৪৪ | |
| ২৯ | চেয়ারম্যান, দরগাপাশা ইউ'পি | মোঃ সুফি মিয়া | ০১৭৪৮ ৯১৩৯৪৪ | |
| ৩০ | সংরক্ষিত মহিলা সদস্য | | | |
| ৩১ | সংরক্ষিত মহিলা সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা সদস্য | | | |